

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৩

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ আল্লাহ্ তায়ালা তাঁর বান্দাদের উপর কত ওয়াক্ত সালাত ফর্য করেছেন।

باب مَا جَاءَ كُمْ فَرَضَ اللَّهُ عَلَى عِبَادِهِ مِنَ الصَّلَوَاتِ

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى النَّيْسَابُورِيُّ، حَدَّتَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَرُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَنسِ بْنِ مَالِك، قَالَ فُرِضَت عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم لَيْلَةَ أُسْرِيَ بِهِ الصَّلُوَاتُ خَمْسِينَ ثُمَّ نُوحِيَ يَا مُحَمَّدُ إِنَّهُ لاَ يُبَدَّلُ الْقَوْلُ لَدَى وَإِنَّ خَمْسِينَ ثُمَّ نُوحِيَ يَا مُحَمَّدُ إِنَّهُ لاَ يُبَدَّلُ الْقَوْلُ لَدَى وَإِنَّ لَكَ بِهَذِهِ الْخَمْسِ خَمْسِينَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ وَطَلْحَةَ بْنِ عُبَيْدِ لَكَ بِهَذِهِ الْخُمْسِ خَمْسِينَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ وَطَلْحَة بْنِ عُبَيْدِ اللَّهِ وَأَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَنسٍ حَدِيثٌ حَسَنٌ صَعْصَعَةَ وَأَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَنسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

২১৩. মুহাম্মাদ ইবনু ইয়াহইয়া আন নিসাপুরী (রহঃ) আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, মিরাজ রজনীতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর পঞ্চাশ ওয়াক্ত সালাত ফর্ম হয়েছিল পরে তা কমিয়ে শেষ পর্যন্ত পাঁচ ওয়াক্ত করা হয়। এপর বলা হল, হে মুহাম্মাদ আমার কথার কোন রদ বদল হয় না। আপনার জন্য এই পাঁচ ওয়াক্তের ছওয়াব পঞ্চাশ ওয়াক্তেরই সমান। - বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২১৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উবাদা ইবনুস সামিত, তালহা ইবনু উবায়দুল্লাহ আবৃ কাতদা, আবৃ যার মালীক ইবনু সা'সা'আ, আবৃ সাঈদ আল খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আনাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদিসটি হাসান, সহীহ।

English

Anas bin Malik narrated:

"On the Night of Isra, fifty prayers were made obligatory upon the Prophet. Then it was decreased until it was made five. Then it was called out: 'O



Muhammad! Indeed My Word does not change; these five prayers will be recorded for you as fifty.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন